রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২১ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ/ ৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২৪.২১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের জাতীয় স্টিয়ারিং কমিটি** নিম্নরূপে গঠন করেছে:

২। **কমিটির গঠন :**

| | | | |
|---|---|---|---|
| ১) | প্রধান উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | চেয়ারপারসন |
| ২) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩) | উপদেষ্টা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪) | উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫) | উপদেষ্টা, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬) | উপদেষ্টা, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭) | উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : | সদস্য |
| ৮) | উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৯) | উপদেষ্টা, নৌপরিবহন মন্ত্রণালয় | : | সদস্য |
| ১০) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| ১১) | প্রধান উপদেষ্টার মুখ্য সচিব | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ১২) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| ১৩) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| ১৪) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ১৫) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | : | সদস্য |
| ১৬) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৭) | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| ১৮) | প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ | : | সদস্য |
| ১৯) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | : | সদস্য |
| ২০) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | : | সদস্য |
| ২১) | প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প | : | সদস্য |
| ২২) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

২.১। এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

২.২। **কমিটির কার্যপরিধি :**

১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রাক-বাস্তবায়ন, বাস্তবায়ন পর্যায়ের মনিটরিং এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

২) প্রকল্পের স্বত্বাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ যোগানের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

৩) প্রকল্প বাস্তবায়নের পথে বাধাসমূহ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান;

৪) পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনকারী/স্থাপনের উপকরণাদি সরবরাহকারী সম্ভাব্য রাষ্ট্রসমূহের সাথে প্রকল্প বাস্তবায়ন ও যথাযথ পরিচালনার বিষয়গুলো বিবেচনায় এনে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও সম্পাদিত চুক্তিসমূহের অগ্রগতি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন, মানব সম্পদ উন্নয়ন এবং নিউক্লিয়ার সায়েন্স ও নিউক্লিয়ার টেকনোলজি সম্পর্কিত শিক্ষা, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণে দিক নির্দেশনা প্রদান;

৬) প্রকল্প বাস্তবায়নে যে সকল আন্তর্জাতিক মানদণ্ড পূরণ অত্যাবশ্যক সে সকল মানদণ্ড পূরণের লক্ষ্যে চুক্তিসমূহ সম্পাদনের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান; এবং

৭) দেশের পারমাণবিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও ক্ষতিকর তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণের লক্ষ্যে বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণসহ উপযুক্ত আইন প্রণয়ন ও নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন/প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

২.২.১। কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২.২.২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২.২.৩। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২.২.৪। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৪ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৪২ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**জাহেদা পারভীন**
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd